



নির্বাচনী পরিবেশ ইতিবাচক, ভোটে ইঞ্জিনিয়ারিংয়ের আশঙ্কা নেই: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মনে করছেন, দীর্ঘদিন পর হলেও এবারের নির্বাচনী পরিবেশ শান্তিপূর্ণ ও ইতিবাচক। মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) সকালে ঠাকুরগাঁওয়ে নিজের নির্বাচনী এলাকায় সাংবাদিকদের সঙ্গে আলাপে তিনি বলেন, ভোট প্রক্রিয়ায় কোনো ধরনের ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের সম্ভাবনা নেই। তিনি বলেন, দীর্ঘ বিরতির পর জনগণ এবার ভোট দিচ্ছে। তাই ভোটারদের উচিত উৎসাহ ও উদ্দীপনা নিয়ে তাদের ভোটের অধিকার প্রয়োগ করা। যদিও বিগত ১৫ বছরে ভোটে কারচুপি হয়েছে, এইবার তা কার্যকর হওয়ার আশঙ্কা কম।

মির্জা ফখরুল আরও বলেন, সরকারি কর্মকর্তাদের রাজনৈতিক মত থাকতে পারে, কিন্তু তারা দায়িত্ব পালন করবে নিয়ম মেনে। তিনি উল্লেখ করেন, নতুন দলগুলো আত্মপ্রকাশ করলে বেশি নজর কাড়ে, আর জামায়াতের মতো কৌশলী দল বিভিন্ন উপায়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করে। নিজ নির্বাচনী আসনে জয়লাভের পাশাপাশি বিএনপির বড়সড় বিজয় এই নির্বাচনে সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেছেন তিনি।